

“শিল্পে প্রাকৃতিক গ্যাস, গৃহস্থালিতে
বিকল্প জ্বালানী”



“বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার”

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা
সাধারণ প্রশাসন শাখা, পার্সোনেল উপবিভাগ

নম্বর: ২৮.০৯.০০০০.০১২.১৯.০০৩.২০/১৯৭

তারিখ: ৪ আষাঢ়, ১৪২৭

১৮ জুন ২০২০

অফিস আদেশ

ই-নথি সিস্টেমে প্রতি মাসে প্রণয়নকৃত মাসিক রিপোর্ট এর তথ্য অনুযায়ী, নথি ব্যবস্থাপনায় জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে বাপেক্স এর অবস্থান প্রায় অপরিবর্তিত রয়েছে। বারংবার অবহিত ও দপ্তর আদেশ জারি করার পরও নথি/ডাক প্রাপকগণ কর্তৃক নথি/ডাক সমূহ যথাসময়ে উন্মোচন না করায় নথি ব্যবস্থাপনা সংশ্লিষ্ট পর্যায়ে স্থবির হয়ে পড়ছে এবং ই-ফাইলিং সিস্টেমে বাপেক্স এর র্যাংকিং এ কাঙ্ক্ষিত উন্নতি হচ্ছে না। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (এপিএ) ই-নথি কার্যক্রমের উপর উল্লেখযোগ্য সূচকের মান নির্ধারিত রয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (এপিএ) সর্বোচ্চ মান অর্জন সহ বড় ক্যাটাগরী দপ্তর সমূহের মাঝে বাপেক্স এর র্যাংকিং উন্নীত করণে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জরুরী দিক-নির্দেশনা প্রদান করেছেন। এ প্রেক্ষিতে, ই-নথি সিস্টেমে নিবন্ধিত বাপেক্স এর প্রত্যেক কর্মকর্তার নিজস্ব প্রোফাইলের অনিস্পন্ন নথি/ডাক বিষয়ক সকল কার্যক্রম জরুরী ভিত্তিতে নিস্পন্ন ও ই-নথি কার্যক্রম জোরদার করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বর্তমানে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব জনিত উদ্ভূত পরিস্থিতিতে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা মোতাবেক কর্মকর্তাগণ অন-লাইন (ই-নথি ও ই-মেইল) এর মাধ্যমে প্রয়োজনীয় দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৮-৬-২০২০

মোহাম্মদ আবুল বশর

মহাব্যবস্থাপক (প্রশাসন)

ফোন: ০১৭১৩৩৩৯৮৮৮

ইমেইল: gadmin@bapex.com.bd

নম্বর: ২৮.০৯.০০০০.০১২.১৯.০০৩.২০/১৯৭/১(১২৮)

তারিখ: ৪ আষাঢ়, ১৪২৭

১৮ জুন ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক (অপারেশন), পরিচালক (অপারেশন) এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
- ২) বাপেক্সের মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধানবৃন্দ
- ৩) উপ-মহাব্যবস্থাপকবৃন্দ
- ৪) বাপেক্সের উপবিভাগ ও শাখা প্রধানগণ।
- ৫) বাপেক্স এর চলমান প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক বৃন্দ।
- ৬) ফিল্ড ইনচার্জগণ/গ্যাস ফিল্ড সমূহ
- ৭) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি উপ-বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স), (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহকারে)।
- ৮) উপ-ব্যবস্থাপক (সমস্বয়), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

১৮-৬-২০২০

মোহাম্মদ আবুল বশর

মহাব্যবস্থাপক (প্রশাসন)